গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
শেরে বাংল নগর ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

**চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

**ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:**

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | : | দেশের ৮টি মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্সেস (ইনমাস) স্থাপন (১ম সংশোধিত)। |
| ২ | উদ্যোগী মন্ত্রণালয় | : | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ৩ | বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন |
| ৪ | প্রকল্পের এলাকা | : | মহাখালী (ঢাকা), সোহরাওয়ার্দী (ঢাকা), পাবনা, কুষ্টিয়া, যশোর, সাতক্ষীরা, গোপালগঞ্জ ও কক্সবাজার। |

৫। অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকালঃ

| প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) | | বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|
| মূল | ৫৮২৩০.০০ | জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০ | -- | -- |
| ১ম সংশোধিত | ৬২২২৮.০০ | জুলাই, ২০১৭ হতে জুন, ২০২১ | ৬.৮৬৫% | ১০০% |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ৬২২২৮.০০ | জুলাই, ২০১৭ হতে জুন, ২০২৩ | | |

৬। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- পরমাণু প্রযুক্তি ব্যবহার করে থাইরয়েড, কিডনি, লিভার ও বোন ক্যান্সার প্রভৃতি রোগের ডায়াগনসিস ও চিকিৎসা প্রদান;
- গরীব ও সাধারণ মানুষকে স্বল্পমূল্যে সর্বাধুনিক প্রযুক্তির পরমাণু চিকিৎসা প্রদান; এবং
- পরমাণু চিকিৎসা সেবা সম্প্রসারণের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়ন।

৭। **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- ভূমি উন্নয়ন;
- অফিস ভবন নির্মাণ;
- বৈদ্যুতিক স্থাপনাসহ অন্যান্য অবকাঠামো তৈরীকরণ;
- মোটরযান, বৈদেশিক যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয়;
- স্থানীয় যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয়;
- আসবাবপত্র ইত্যাদি ক্রয় ও স্থাপন।

৮। **প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

প্রাপ্ত তথ্য মতে, সেপ্টেম্বর'২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.২১% ও বাস্তব অগ্রগতি ৬৪%।

## খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। **প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে;**

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা

(৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনানা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয় তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড় বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

(১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

(১২) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন;

(১৩) প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৪) নির্মাণকাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই (প্রয়োজনে টেস্টের মাধ্যমে) এবং নির্মিত স্থাপনার গুনগতমান পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৫) সমীক্ষা সম্পন্নের কার্যক্রম অর্থাৎ FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আএমইডিতে দাখিল করতে হবে;

(১৬) প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিটি, অডিট আপত্তি ইত্যাদি;

(১৭) সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(১৮) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী

### ২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

| নং | প্রতিবেদনের নাম | সময়কাল | সংখ্যা |
|---|---|---|---|
| ক। | প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | ৪০ কপি |
| খ। | ১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে | ৪০ কপি |
| গ। | ২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনিশন কর্মশালার) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | ৭৫ কপি |
| [illegible] | [illegible] | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে | ৬০ কপি |

৩। **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:**

| নং | ফার্ম ও পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | ফার্ম<br>(পরামর্শক প্রতিষ্ঠান) | --- | ➤ গবেষণা অথবা প্রকল্পের মূল্যায়ন/ পরিবীক্ষণ সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ;<br>➤ মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা;<br>➤ পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে; |
| ২। | ক) টিম লিডার<br>(মূল্যায়ন বিশেষজ্ঞ) | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী।<br>(খ) পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে | ➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কম পক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>➤ এ সম্পর্কি কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>➤ কমপক্ষে ১টি নিবিড় পরিবীক্ষণ কাজের অভিজ্ঞতা থাকতে হবে;<br>➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬/পিপিআর-২০০৮ ইত্যাদি) অনুসরণপূর্বক কার্যসম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;<br>➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে;<br>➤ SPSS সহ অন্যান্য Statistical Software পরিচালনায় দক্ষতা; এবং<br>➤ প্রকাশনা থাকতে হবে; |
| | খ) মিডলেবেল ইঞ্জিনিয়ার (সিভিল) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে; | ➤ সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প মূল্যায়ন সংক্রান্ত কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কমপক্ষে ০৩(তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকতে হবে; |
| | গ) ইঞ্জিনিয়ার (ইলেকট্রিক্যাল) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি; স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে; | ➤ ইলেকট্রিক্যাল ও নির্মাণ সংক্রান্ত মূল্যায়ন কাজে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>➤ ইলেকট্রিক্যাল ও ইমারত নির্মাণ প্রকল্প সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে; |
| | ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান /কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; | ➤ ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;<br>➤ SPSS সহ অন্যান্য Statistical Software পরিচালনায় দক্ষতা; |

৪। **ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:**

ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি / আরডিপিপি);
খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।

২৩/০৩/২০২২
(মুহাম্মদ আবদুল হান্নান)
মহাপরিচালক ও সভাপতি
TOR চুড়ান্তকরণ সংক্রান্ত কমিটি